

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪-৬২১

তারিখঃ ০৫ মে ২০২০ খ্রিস্টাব্দ
২২ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী ও মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক
কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য তরফে শ্রেণির (১১-১৭ গ্রেড) ১৮টি শূন্য পদে জনবল নিয়োগের অনুমতি প্রদান।

সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১৮০৯, তারিখঃ ০৯/১২/২০১৯ খ্রিঃ

(২) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- রামেকহা/প্রশা/২০২০/২১৭, তারিখঃ ১৪/০১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের তরফে শ্রেণির (১১ হতে ১৭ গ্রেড) জনবল নিয়োগের লক্ষ্যে গত ০৯/১২/২০১৯ তারিখের স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১৮০৯ সংখ্যক স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত আবেদনটি আংশিক সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০. ০৪৪.১৯৮৮-১৩৫৬ (২৫০) সংখ্যক পরিপন্থের নির্দেশনা/শর্ত মোতাবেকে প্রচলিত সকল বিধি বিধান অনুসরণসহ নিয়ন্ত্রিত শর্ত সাপেক্ষে তরফে শ্রেণির (১১-১৭ গ্রেড) ১৮টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের অনুমতি প্রদান করা হল ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | পদের নাম | প্রত্যাবিত পদের সংখ্যা | ছাড়কৃত পদের সংখ্যা | মন্তব্য/ছাড়পত্র না দেয়ার কারণ |
|--|--------------|---|---------------------------|------------------------|--|
| রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী | ১ | সৌচ মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ | ০১ | |
| | ২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ | ০৪ | ০১টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ৩ | ওয়ার্ড মাস্টার | ০২ | ০২ | |
| | ৪ | লিষ্ট মেকার | ০১ | ০১ | |
| | ৫ | টেলিফোন অপারেটর | ০২ | ০২ | |
| | ৬ | টেইলর | ০২ | ০২ | |
| | ৭ | কার্পেটার | ০১ | ০১ | |
| | ৮ | লিভেন কিপার | ০১ | ০১ | |
| | ৯ | ডাইভার | ০১ | ০১ | |
| মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক | ১০ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ | ০১ | |
| | ১১ | ডাইভার | ০১ | ০১ | |
| | ১২ | রিসিপশনিস্ট | ০১ | ০১ | |
| সর্বমোট ১৯টি | | | | সর্বমোট ১৮টি | |

শর্তাবলীঃ

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ “বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮” ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদে এবং আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;

চলমান পাতা-২



- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রত্নাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- (৬) বর্তমানে ছাড়কৃত ১৮টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- (৭) সাংগঠনিক কাঠামো ও পদসংজ্ঞনের আদেশে অবশ্যই প্রত্নাবিত পদ থাকতে হবে। তবে, পদ সংজ্ঞনের আদেশে পদ থাকলে ২০১৮ এর নিয়োগ বিধিমালার তফসিলে উক্ত পদ মা থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- (৮) ২০১৮ সালে প্রশীলিত নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;
- (৯) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুসারে নিয়োগের জন্য প্রত্নাবকৃত শূন্য পদ, পদের অভিযোগ্য পদ, পদ সংজ্ঞন, মামলা মৌকদ্দমা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।

- ৩। বর্তমানে ছাড়কৃত ১৮টি পদের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের ১৮/০৯/২০১৮ তারিখের স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১২৮৯ এবং ০৯/১২/২০১৯ তারিখের স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১৮০৯ সংখ্যক স্মারকে ছাড়কৃত পদসমূহ অন্তর্ভুক্ত থাকায় উক্ত স্মারকের কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হল।

১০.০৮.২০২০
(খন্দকার জাকির হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
রাজশাহী।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।